## শহীদ আবু সাঈদ স্মরণে

মুহম্মদ আবু বকর

একটু বাড়ি ফেরার তাড়া ছিল হয়তো
হয়তো ভেবেছিল গাড়ি পাবে না শেষে
সব গাড়ি ছেড়ে যাবে
আর তাছাড়া কে না জানে
অ্যাম্বুলেন্স সবচেয়ে তাড়াতাড়ি বাড়ি পৌঁছতে পারে
সবাই তাকে পথ ছেড়ে দেয়।
হয়তো বাড়িতে চাল ফুরিয়ে গিয়েছিল
টিউশনের টাকা দিয়ে চাল কিনে দিতে হবে বাড়িতে
তাই তাড়াতাড়ি বাড়ি যেতে হবে
যদিও ভাঙা মাস; তবু কিছু টাকা স্টুডেন্টের মায়ের কাছে
চেয়ে নিয়ে তার বাড়ি যাবার তাড়া ছিল।

তাই সে দাঁড়িয়েছিল বুলেটের সামনে
কারণ সে জানতো বুলেটের সামনে দাঁড়ালেই অ্যাম্বুলেন্স পাওয়া যাবে
আর কে না জানে?
অ্যাম্বুলেন্স সবচেয়ে তাড়াতাড়ি বাড়ি পৌঁছতে পারে
সবাই তাকে পথ ছেড়ে দেয়।

Scanned with CamScanner